

## ঢাকায় বিশ্ব শান্তি সম্মেলন শুরু কাল

- A Monitor Desk Report

Date: 03 December, 2021



ঢাকায় বিশ্ব শান্তি সম্মেলন শুরু হচ্ছে আগামীকাল শনিবার। বিকেল সাড়ে ৪টায় রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে এর উদ্বোধন করবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। সম্মেলনে ৫০টি দেশের ১০০ জন প্রতিনিধি অংশ নেবেন।

এ সম্মেলনের মূল উদ্দেশ্য সম্পর্কে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শান্তি প্রতিষ্ঠার বিশ্ব স্বীকৃতি হিসেবে জুলিও কুরি পদক পেয়েছিলেন।

এ কারণে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে এ শান্তি সম্মেলনের আয়োজন করা হয়েছে। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শান্তিতে বিশ্বাসী।

জাতিসংঘে শান্তির সংস্কৃতির যে রেজুলেশন, সেটিও প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তা থেকেই এসেছে। তার নেতৃত্বে প্রতিবেশী দেশগুলোর সঙ্গে স্থল সীমান্ত নির্ধারণ, সমুদ্রসীমার নিষ্পত্তির বিষয়গুলো শান্তিপূর্ণভাবে মীমাংসিত হয়েছে।

বাংলাদেশ বিশ্ববাসীকে শান্তির বার্তা দিতে চায়। সেই বার্তা দিতেই এই সম্মেলনের আয়োজন।

বিশ্ব শান্তি সম্মেলন উপলক্ষে পররাষ্ট্রমন্ত্রী সংবাদ সম্মেলন করেছেন। সম্মেলন উপলক্ষে একটি ওয়েবসাইট খোলা হয়েছে। এ সম্মেলনে বিভিন্ন দেশের ৬০ জন প্রতিনিধি ভার্সুয়ালি অংশ নেবেন। আর বাকি ৪০ জন সশরীরে অংশ নেবেন।

আমন্ত্রিত অতিথিদের মধ্যে উল্লেখযোগ্য হলেন-

জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন, সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউন, যুক্তরাজ্যের সাবেক ফার্স্টলেডি চেরি ব্ল্যয়ার, সিঙ্গাপুরের সাবেক প্রধানমন্ত্রী গোহ চক তং, নোবেল বিজয়ী মানবাধিকারকর্মী কৈলাশ সত্যার্থী, ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভা। তারা ভার্সুয়ালি অংশ নেবেন।

সশরীরে অংশ নেবেন ইউনিভার্সিটি অব কলম্বোর ভিসি অধ্যাপক চান্দ্রিকা এন ওয়াজেয়ারলে, ভারতের চলচ্চিত্রকার গৌতম ঘোষ, ভারতের সাবেক মন্ত্রী সুরেশ প্রভুসহ বিভিন্ন দেশের কবি, সাহিত্যিক, শিক্ষাবিদ, মানবাধিকারকর্মী, চলচ্চিত্রকার, থিংক ট্যাংক ও সাবেক রাজনীতিকরা।

সম্মেলন উদ্বোধনের আগের দিন আজ শুক্রবার সন্ধ্যায় ঢাকায় আগত আমন্ত্রিত অতিথিদের নিয়ে একটি নৈশভোজ হবে।

আগামীকাল সকালে দুটি প্যানেল আলোচনা হবে। সম্মেলনের দ্বিতীয় দিন রোববার আরও দুটি প্যানেল আলোচনা হবে।

সম্মেলনের শেষ দিন 'ঢাকা শান্তি ঘোষণা গ্রহণ করা হবে।' প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যের মধ্য দিয়ে রোববার বিকেলে এ সম্মেলন শেষ হবে।